দৈনিক ইত্তেফাক

তারিখ 07 NOV 1988
পৃষ্ঠা 2 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

201

## হাই স্কুল চাই

সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার অন্তর্গত রাধানগর বাজার এলাকায় কোন হাইস্কুল নাই। এই এলাকা হইতে ৫ মাইল দক্ষিণে গোয়াইনঘাটে একটি হাইস্কুল আছে। ১০ মাইল পশ্চিমে হাদারপারেও একটি হাইস্কুল আছে। তবে বাজারের পূর্বদিকে কোন হাইস্কুল নাই। উত্তরে জাফলং বাজারেও একটি হাইস্কুল আছে। কিন্তু মধ্যবর্তী এলাকাবাসীর কোন হাইস্কুল নাই। অতএব সরকারের নিকট অত্র এলাকার আকুল আবেদন, এই অঞ্চলে একটি হাইস্কুল প্রতিষ্ঠা করিয়া অত্র অঞ্চলের ছেলে-মেয়েদের লেখাপড়ার পথ সুগম করার ব্যবস্থা করুন।

—মোঃ কুতুবউদ্দীন, রাধানগর বাজার, পোঃ জাফলং চা বাগান, গোয়াইনঘাট, সিলেট।